

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২৩

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৫

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১৯ এপ্রিল, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘কালবৈশাখীর প্রথম বাড়েই শহরে উধাও বিদ্যুৎ বন্ধ পানীয় জল সরবরাহ’ শীর্ষক সংবাদটির প্রতি খোয়াই পুর পরিষদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এবিষয়ে পুর পরিষদের উপ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক এক বিবৃতিতে জানিয়েছেন খোয়াই পুর পরিষদ এলাকার ড্রেনগুলি সংক্ষারণীয় এবং ড্রেনগুলি ভরে সাধারণ মানুষের বাড়ি ঘরে নোংরা জল তুকচে ও গত ৭ মাস ধরে পুর পরিষদ শহরের ছোট বড় ড্রেনগুলি সাফাই করেনি বলে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা সঠিক নয় এবং বাস্তবতা থেকে দূরে। খোয়াই পুর পরিষদ এলাকায় ড্রেনগুলি পরিষ্কার করার কাজ সারা বছর ধরেই চলে।
